ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩২ বর্ষ ১০ম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৭ জ্যৈষ্ঠ ১৪২৫, ৩১ মে, ২০১৮

গত ২৮ মে ২০১৮ অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রো-উপাচার্য (প্রশাসন) পদে যোগদান করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নব-নিযুক্ত প্রো-উপাচার্যকে স্বাগত ও অভিনন্দন জানান। ছবিতে উপাচার্যের সাথে তাঁকে করমর্দন করতে দেখা যাচ্ছে।

প্রধানমন্ত্রীর সাথে ঢাবি উপাচার্যের ভারত সফর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সম্প্রতি প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সাথে ভারত সফর করেন।

উল্লেখ্য, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর প্রতিষ্ঠিত পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন ও 'বাংলাদেশ ভবন' উদ্বোধন এবং আসানসোলের কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উপলক্ষে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৫-২৬ মে ২০১৮ ভারত সফর করেন। এসময় শান্তিনিকেতনে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ সরকারের উদ্যোগ ও অর্থায়নে নির্মিত 'বাংলাদেশ ভবন'-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আসানসোলের কাজী নজরুল বিশ্ববিদ্যালয় বাংলাদেশের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক 'ডি লিট' ডিগ্রি প্রদান করেন।

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

গত ২৮ মে ২০১৮ অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রো-উপাচার্য (প্রশাসন) পদে যোগদান করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নব-নিযুক্ত প্রো-উপাচার্যকে স্বাগত ও অভিনন্দন জানান। এছাড়া, নব-নিযুক্ত প্রো-উপাচার্য (প্রশাসন)-কে অভিনন্দন জানান প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম সহ শিক্ষক সমিতির অন্যান্য নেতৃবৃন্দ।

ঢাবি প্রো-উপাচার্য পদে যোগদান করেছেন অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ

ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) পদে নিযুক্ত হয়েছেন। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর ১৩(১) ধারা মোতাবেক তাঁকে এই নিয়োগ প্রদান করেছেন।

তিনি ২৮ মে ২০১৮ সোমবার সকালে প্রো-উপাচার্য (প্রশাসন) পদে আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহণ করেন।

অধ্যাপক ড. মুহাম্মদ সামাদের জন্ম জামালপুর জেলায় ১৯৫৬ সালে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে অধ্যাপক হিসেবে নিয়োজিত। তাঁর ৩৪ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা রয়েছে। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের উইনোনা স্টেট ইউনিভার্সিটিতে ভিজিটিং অধ্যাপক হিসেবে ২০০৫ এবং ২০০৯ সালে পর-পর দুইবার পাঠদান করেন।

অধ্যাপক মুহাম্মদ সামাদ ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে পরিচালক (২০০৯-২০১২) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০০৯-২০১৬ দুই মেয়াদে সিনেট সদস্য এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৪-২০১৬ পর্যন্ত সিনেট সদস্য ছিলেন। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ে দুই মেয়াদ ২০০৯-২০১২ এবং ২০১৩-২০১৬), মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০০৯-২০১৬ ও ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অলটারনেটিভে ২০১১-২০১৬ পর্যন্ত সিন্ডিকেট সদস্য ছিলেন। তিনি সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল সদস্য ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় সার্জেন্ট জহুরুল হক হলের হাউস টিউটর (১৯৯৬-২০০৪) এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের (২০১১) সম্পাদক হিসেবেও দায়িত্ব *(২য় পৃষ্ঠায় দেখুন)

গ্রীষ্মকালীন ও ঈদুল ফিতর'র ছুটি শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের অনুমোদিত ছুটির তালিকা অনুযায়ী গ্রীষ্মকালীন, জুমাত-উল-বিদা, শব-ই-কদর ও পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহের ছুটি শুরু হয়েছে।

২০ মে ২০১৮ থেকে ২৮ জুন ২০১৮ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ বন্ধ থাকবে। ২৯ জুন শুক্রবার ও ৩০ জুন শনিবার সাপ্তাহিক ছুটির দিন হওয়ায় আগামী ১ জুলাই ২০১৮ রবিবার থেকে ক্লাসসমূহ শুরু হবে।

উল্লেখ্য, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ আগামী ১৩ জুন ২০১৮ বুধবার থেকে ২০ জুন ২০১৮ বুধবার পর্যন্ত বন্ধ থাকবে। আগামী ২১ জুন ২০১৮ বৃহস্পতিবার থেকে যথারীতি অফিস খোলা থাকবে।

ঢাবি সিনেটে নতুন ২০জন সদস্য মনোনীত

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে সম্প্রতি ২০জন নতুন সদস্য মনোনীত হয়েছেন। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩-এর অন্তর্ভুক্ত আর্টিক্যাল ২০(১)(জি) অনুযায়ী সিন্ডিকেট কর্তৃক মনোনীত গবেষণা সংস্থার ৫ জন প্রতিনিধিরা হলেন : পল্লী কর্মসংস্থান সংস্থার চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জামান আহমেদ, এশিয়াটিক সোসাইটি হেরিটেজ মিউজিয়াম-এর চিফ রিসার্চ কো-অর্ডিনেটর অধ্যাপক ড. শরিফ উদ্দিন আহমেদ, সেন্টার ফর পলিসি ডায়ালগ-এর ফেলো ড. মোস্তাফিজুর রহমান, সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই)-এর অনারারি অধ্যাপক ডা. ইসমাইল খান এবং বাংলাদেশ ইতিহাস পরিষদের সম্পাদক অধ্যাপক ড. আবদুল বাছির।

আর্টিক্যাল ২০(১)(এইচ) অনুযায়ী একাডেমিক পরিষদ কর্তৃক মনোনীত অধিভুক্ত ও উপাদানকল্প কলেজসমূহের ৫জন অধ্যক্ষ হলেন : অধ্যক্ষ, ঢাকা কলেজ; অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দি মেডিকেল কলেজ; অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ; অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেডক্রিসেন্ট মেডিকেল কলেজ এবং অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ।

আর্টিক্যাল ২০(১)(আই) অনুযায়ী একাডেমিক পরিষদ কর্তৃক মনোনীত অধিভুক্ত ও উপাদানকল্প কলেজসমূহের ১০জন শিক্ষকবৃন্দ হলেন : অধ্যাপক আশরাফ হোসেন (সমাজ বিজ্ঞান বিভাগ ও অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, ঢাকা); অধ্যাপক আই কে সেলিম উলাহ খোন্দকার (অধ্যাপক, হিসাব বিজ্ঞান বিভাগ ও অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা); অধ্যাপক নেহাল আহমেদ *(৩য় পৃষ্ঠায় দেখুন)

যথাযোগ্য মর্যাদায় জাতীয় কবির জন্মবার্ষিকী উদ্‌যাপিত

যথাযোগ্য মর্যাদায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ১১ জ্যৈষ্ঠ ১৪২৫ বাংলা/২৫ মে ২০১৮ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৯তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। এবারের প্রতিপাদ্য ছিল "জাতীয় জাগরণে কবি নজরুল।"

এ উপলক্ষ্যে ভোরে শিক্ষক, ছাত্র-ছাত্রী ও কর্মকর্তা-কর্মচারীগণ শোভাযাত্রাসহকারে কবির সমাধিতে যান এবং বিশ্ববিদ্যালয়ের পক্ষে কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

পরে কবির মাজার প্রাঙ্গণে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে এক স্মরণ সভা অনুষ্ঠিত হয়। স্মরণ সভায় বিশ্ববিদ্যালয় নজরুল গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. বেগম আকতার কামাল, বিশিষ্ট কবি ও সমাজকল্যাণ গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী বক্তব্য রাখেন। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবর শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং নজরুলের কবিতা আবৃত্তি করেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান। বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী অনুষ্ঠান সঞ্চালন করেন। অনুষ্ঠানে সংগীত বিভাগের চেয়ারপার্সন ড. মহসিনা আক্তার খানম (লীনা তাপসী)-এর নেতৃত্বে সংগীত পরিবেশন করেন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন সভাপতির বক্তব্যে জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে মানবতার কবি, অসাম্প্রদায়িক ও সম্প্রীতির কবি হিসেবে আখ্যায়িত করে নজরুলের জন্মদিনের শুভেচ্ছা জানান সকলকে। তিনি বলেন, মানবতাবাদই নজরুলের চেতনার মূল সুর। বহুমাত্রিক চেতনার নজরুলকে নিয়ে অনেকে নানা রাজনীতি করার অপপ্রয়াস চালান, নজরুলকে নানা দৃষ্টিভঙ্গি থেকে ব্যাখ্যা করে থাকেন। প্রকৃত অর্থে নজরুল দুঃখ-কষ্ট-যন্ত্রণা-নিপীড়ন-নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদী ছিলেন। তিনি বৃটিশ শোষণের বিরুদ্ধে বাঙালি চেতনায় উদ্বুদ্ধ করেছেন সকল মানুষকে। অসাম্যের বিরুদ্ধে, অন্যায়ের বিরুদ্ধে দৃঢ়ভাবে তিনি জাতীয় জাগরণের অণুপ্রেরণা সৃষ্টি করেছেন।

বিজ্ঞান বিতর্কে চ্যাম্পিয়ন ঢাবি বঙ্গমাতা ডিবেটিং ক্লাব

ঢাকা বিশ্ববিদ্যালয় ফজলুল হক মুসলিম হলের আয়োজনে ১১তম 'জাতীয় বিজ্ঞান বিতর্ক উৎসব-২০১৮'-এ চ্যাম্পিয়ন হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা ফজিলাতুন্নেছা ডিবেটিং ক্লাব। গত ১২ মে ২০১৮ হল প্রাঙ্গণে এ বিতর্ক অনুষ্ঠিত হয়।

'অন্তর্জালে বুলেটবিদ্ধ বর্ণমালার বলয় চকিত চেতনে চূর্ণ কর, জাগাও সত্য প্রলয়'- স্লোগান নিয়ে এ বিতর্ক উৎসবের আয়োজন করে বিশ্ববিদ্যালয় ফজলুল হক মুসলিম হল ডিবেটিং ক্লাব।

সরকারি দল হিসেবে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা ডিবেটিং ক্লাব এবং বিরোধী দল হিসেবে ঢাকা কলেজ ডিবেটিং সোসাইটি বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্বে অংশগ্রহণ করে। এতে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা ডিবেটিং ক্লাব চ্যাম্পিয়ন হওয়ার মধ্য দিয়ে প্রথমবারের মতো জাতীয় বিজ্ঞান বিতর্ক উৎসবে কোনো মেয়েদের হল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করলো।

বঙ্গমাতা ফজিলাতুন্নেছা ডিবেটিং ক্লাবের বিতার্কিকরা হলেন-মুন্না সুলতানা নীড়া (নৃবিজ্ঞান বিভাগ), তাসনিম হালিম মীম (আইন বিভাগ) ও অন্তরা শারমিন (ম্যানেজমেন্ট অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগ)।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফজলুল হক মুসলিম হলের প্রাক্তন প্রাধ্যক্ষ অধ্যাপক ড. হোসেন মনসুর। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ফজলুল হক মুসলিম হলের প্রাধ্যক্ষ ও বাংলাদেশ জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমান, ট্রান্সশান বাংলাদেশ লিমিটেড-এর চিফ অপারেটিং অফিসার শ্যামল কুমার সাহা, ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি আবু বকর সিদ্দিক প্রিন্স। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফজলুল হক মুসলিম হল ডিবেটিং ক্লাব সভাপতি মো. আবদুল্লাহ আল ফয়সাল।

৩৬তম বিসিএস ক্যাডার-এর সুপারিশপ্রাপ্তদের পুনর্মিলনী

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ৩৬তম বিসিএস ক্যাডারে সুপারিশপ্রাপ্ত শিক্ষার্থীদের এক পুনর্মিলনী অনুষ্ঠান গত ৪ মে ২০১৮ বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিনব্যপী এই পুনর্মিলনী অনুষ্ঠান উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রেডিয়্যান্ট ফার্মাসিউটিক্যালস্ এর চেয়ারম্যান মো. নাসের শাহরিয়ার জাহেদী ও হামস গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জি. মো. শফিকুর রহমান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সুপারিশপ্রাপ্ত বিসিএস ক্যাডারদের অভিনন্দন জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয় জীবন হচ্ছে পরবর্তী জীবনের বীজ বপনের সময় এবং এক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় অনুপ্রেরণা যোগাতে গুরুত্বপূর্ণ অবদান ও ভূমিকা রেখে আসছে। তিনি আরও বলেন, 'ভবিষ্যত কর্মজীবনে তোমাদের অনেক ক্ষমতা, মর্যাদা ও দায়িত্ব আসবে যা তোমরা মূল্যবোধের মাধ্যমে ব্যবহার করবে এবং মানুষের মঙ্গলের জন্য সব সময় কাজ করবে'। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক ও মানবিক মূল্যবোধ ধারণ করে আগামীতে এই সুপারিশপ্রাপ্ত শিক্ষার্থীদের বন্ধন আরও সুদৃঢ় হবে বলেও উপাচার্য আশা প্রকাশ করেন।



গত ১২ মে ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট প্রাঙ্গণে "শিক্ষকদের প্রীতি ফুটবল ম্যাচ-২০১৮"-এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। প্রীতি ফুটবল ম্যাচের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. আফতাব আলী শেখ, ফুটবল কমিটির সভাপতি ও জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার প্রমুখ উপস্থিত ছিলেন। ছবিতে খেলোয়াড় শিক্ষকদের সাথে উপাচার্যকে দেখা যাচ্ছে।

ঢাবি প্রো-উপাচার্য পদে যোগদান করেছেন অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ

*(১ম পৃষ্ঠার পর) পালন করেন। সর্বোপরি তিনি ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (UITS)-এ চার বছর (২০১২- ২০১৬) উপাচার্য হিসেবে নিযুক্ত ছিলেন।

অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ গবেষণা ফেলো হিসেবে ২০০৯ সালে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে ক্যাথেরিন ক্যান্ডাল ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল সোশ্যাল ওয়ার্ক; জাপানস্থ টোকিওতে কলেজ অব সোশ্যাল ওয়ার্ক-এ ২০১৩, ২০১৪, ২০১৫ সালে ৩টি গবেষণা সম্পন্ন করেন এবং তা প্রকাশিত হয়; বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিলে ২০১২ ও ২০১৫ সালে দুটি ফেলোশিপ গবেষণা সম্পন্ন করেন। এছাড়াও তাঁর একাধিক প্রমোশনাল রিসার্চ রয়েছে।

উল্লেখযোগ্য প্রকাশনা: ২০০৮ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রখ্যাত প্রকাশনা সংস্থা পাবলিশ আমেরিকা থেকে তাঁর একটি গবেষণাগ্রন্থ The Invisible People: Poverty and Resiliency in Dhaka Slum প্রকাশিত হয়েছে। সামাজিক উন্নয়ন, রাজনীতি ও সাহিত্য বিষয়ে তাঁর গবেষণা-প্রবন্ধগ্রন্থসমূহ হচ্ছে: Santal Community in Bangladesh : Problems and Prospects (Jointly, 2003); Participation of the Rural Poor in Government and NGO Programs: A Comparative Study (2002); Awareness About the Role of UN in Bangladesh: An Opinion Survey (2000); মানবাধিকার: ৫০ বছরের অগ্রযাত্রা (যৌথ-সম্পাদনা, ১৯৯৯); চতুর্থ বিশ্ব নারী সম্মেলন : বেইজিং ঘোষণা ও কর্মপরিকল্পনা (অনুবাদ-সম্পাদনা, ১৯৯৭); হৃদয়ে মুজিব : টুঙ্গিপাড়া বক্তৃতামালা (যৌথ-সম্পাদনা, ১৯৯৪); কবি ও কবিতার সংগ্রাম (যৌথ-সম্পাদনা, ১৯৯৪) এবং বাংলাদেশে গ্রামীণ দারিদ্রমোচনে এনজিওর ভূমিকা (১৯৯৪)। জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত তাঁর অর্ধশত গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে (৯টি গ্রন্থ)।

তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ হচ্ছে : আমার দু'চোখ জলে ভরে যায়, আজ শরতের আকাশে পূর্ণিমা, চলো তুমুল বৃষ্টিতে ভিজি, পোড়াবে চন্দন কাঠ, আমি নই ইন্দ্রজিৎ, মেঘের আড়ালে, একজন রাজনৈতিক নেতার মেনিফেস্টো, প্রেমের কবিতা, কবিতাসংগ্রহ ইত্যাদি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও পঁচাত্তরের নির্মম হত্যাকাণ্ড নিয়ে তিনি কিছু স্মরণীয় কবিতা রচনা করেছেন।

কাব্যক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য তিনি সৈয়দ মুজতবা আলী সাহিত্য পুরস্কার, কবি সুকান্ত সাহিত্য পুরস্কার, কবি জীবনানন্দ দাশ পুরস্কার, কবি জসীমউদ্দীন সাহিত্য পুরস্কার, ত্রিভুজ সাহিত্য পুরস্কার, কবি বিষ্ণু দে পুরস্কার, পশ্চিমবঙ্গ, ভারতসহ অনেক সম্মাননা লাভ করেন।

তিনি জাতীয় কবিতা পরিষদের প্রতিষ্ঠাতা সংগঠকদের অন্যতম এবং তিন মেয়াদে সাধারণ সম্পাদদের দায়িত্ব পালন করেন। বর্তমানে জাতীয় কবিতা পরিষদের সভাপতির দায়িত্ব পালন করছেন।

একজন দক্ষ, পরিশ্রমী, সাহসী ও ত্যাগী সংগঠক হিসেবে বাংলাদেশ ছাত্রলীগ এবং দেশের বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনে নেতৃত্ব দিয়ে ড. মুহাম্মদ সামাদ সুনাম অর্জন করেছেন। সম্মিলিত সাংস্কৃতিক জোটের সহ-সভাপতি ড. মুহাম্মদ সামাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করার পাশাপাশি জাতীয় জীবনের বিভিন্ন দুঃসময়ে সমরতন্ত্র, সাম্প্রদায়িকতা ও স্বাধীনতাবিরোধী শক্তির বিরুদ্ধে একজন অকুতোভয় শিক্ষাবিদ ও কবি হিসেবে সর্বদা জাতীয় দায়িত্ব পালন করেছেন।

ইউপিএল-এর বিশেষ গ্রন্থ প্রদর্শনী

ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদ ও ইউনাইটেড প্রেস লিমিটেড (ইউপিএল)-এর যৌথ আয়োজনে 'জ্ঞানভিত্তিক সমাজ গঠনে ৪০বছর: সামাজিক বিজ্ঞান গবেষণায় উৎকর্ষ অর্জন' এই প্রতিপাদ্য নিয়ে এক বিশেষ গ্রন্থ প্রদর্শনী গত ৪ মে ২০১৮ অনুষদ ভবনের ২য় তলায় শুরু হয়। অনুষদ ভবনস্থ মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এ উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রদর্শনীর উদ্বোধন করেন। অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান এবং অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন ইউনাইটেড প্রেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মহিউদ্দিন আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ইউপিএল-এর পরিচালক মাহরুখ মহিউদ্দিন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, জ্ঞান ভিত্তিক সমাজ ব্যবস্থাপনায় যারা গুরুত্বপূর্ণ অবদান রাখতে চায় তারাই এই ধরণের অনুষ্ঠান আয়োজন ও অংশগ্রহণ করেন। ৪০বছরের বেশি সময় ধরে প্রকাশনা শিল্পে সুনামের সাথে পুস্তক প্রকাশনা করে আমাদের আস্থা অর্জন করেছে ইউপিএল। শিক্ষার্থীদের মাঝে এই প্রদর্শনীর ব্যাপক প্রচারণা প্রয়োজন। তিনি বলেন, বইয়ের বিকল্প বই, অন্যকিছু নয়। বইয়ের বিকল্প অন্যকিছু হলে মানুষ বিভ্রান্ত হবে। বিষয়বস্তুর গভীরতায় প্রবেশ করতে বইয়ের বিকল্প নেই, এই সত্যটি আমাদের অনুধাবন করতে হবে। উন্নতবিশ্বে লাইব্রেরী দিন দিন সমৃদ্ধ হচ্ছে। জ্ঞানভিত্তিক সমাজ গঠনে গ্রন্থপ্রদর্শনীর উপযুক্ত স্থান বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। এ ধরণের কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সবসময়ই আন্তরিকতার সাথে স্বাগত জানায়।

এমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান বলেন, 'মুদ্রিত বই থাকবে কি থাকবে না - এই বিতর্কে আমার মনে হয় মুদ্রিত বইই থাকবে'। যত বিকল্পই থাকুক বই আমাদের সঙ্গে থাকবে। বই থেকে জ্ঞান, তথ্য, বিনোদন সবই পাওয়া যায়, তাই বই হারিয়ে যাওয়ার নয়। অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম আশা প্রকাশ করে বলেন, বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ অন্তত একবারের জন্য হলেও এই প্রদর্শনী ঘুরে দেখবেন।

আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতায় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ চ্যাম্পিয়ন

গত ২৩ এপ্রিল ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান কেন্দ্রীয় ক্রিকেট গ্রাউন্ডে অনুষ্ঠিত হয়। খেলায় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ এবং ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ অংশগ্রহণ করে। এতে একাউন্টিং এন্ড ইনফরমেশন্স সিস্টেমস বিভাগ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। রানার-আপ হয় ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ। একাউন্টিং এন্ড ইনফরমেশন্স সিস্টেমস বিভাগ ৯ উইকেটে জয় লাভ করে। তৃতীয় স্থান অধিকার করেছে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ। উক্ত ক্রিকেট প্রতিযোগিতায় মোট ৮০টি দল অংশগ্রহণ করে। প্লেয়ার অব দ্য ম্যাচ হওয়ার গৌরব অর্জন করেন শিশির দে।

খেলা শেষে বিকেলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ক্রিকেট কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রভোস্ট, হাউজ টিউটর, সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় নাজমুল করিম স্টাডি সেন্টারের উদ্যোগে গত ৯ মে ২০১৮ রমেশ চন্দ্র মজুমদার আর্টস মিলনায়তনে 'আহমদ শরীফের রাজনীতি ও সমাজ ভাবনা' শীর্ষক 'নাজমুল করিম স্টাডি সেন্টার বক্তৃতা-২০১৮' অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী।

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের বিভিন্ন বিভাগের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠান গত ৬ মে ২০১৮ বিজনেস স্টাডিজ অনুষদস্থ আব্দুল্লাহ ফারুক মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। ব্র্যাক ব্যাংক লিমিটেড, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড ও ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর সহযোগিতায় এই বৃত্তি প্রদান করা হয়েছে। অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে ব্যাংকগুলোর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অতিথিদের সাথে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের দেখা যাচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে গত ৫ মে ২০১৮ 'দেশীয় গবেষণা ও গবেষণায় ক্যারিয়ার উৎসব এবং বিজ্ঞান ক্লাব মতবিনিময় সভা' অনুষ্ঠিত হয়েছে। এতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. খন্দকার সিদ্দিক-ই-রব্বানি, অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় রোবটিক্স এন্ড মেকাট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন ড. লাফিফা জামাল।

ঢাকা বিশ্ববিদ্যালয় উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের উদ্যোগে গত ১৪ মে ২০১৮ লেকচার থিয়েটারে "খণ্ডিত পূর্ববঙ্গ, ভুলে যাওয়া পূর্ব পাকিস্তান এবং প্রলম্বিত দেশভাগ" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। কেন্দ্রের পরিচালক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক সাঈদ ফেরদৌস। এতে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট নৃবিজ্ঞানী রেহনুমা আহমেদ ও ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আকসাদুল আলম।

ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের উদ্যোগে 'ইন্টারন্যাশনাল রিফিউজি প্রটেকশন' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান গত ১৪ মে ২০১৮ অনুষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ইউনাইটেড ন্যাশনস হাই কমিশনার ফর রিফিউজি (ইউএনএইচসিআর)-এর বাংলাদেশস্থ সিনিয়র প্রটেকশন অফিসার হারুনো নাকাশিবা এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক ড. নাইমা হকের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ উপস্থিত ছিলেন।

আন্তঃবিশ্ববিদ্যালয় সাঁতার ও ওয়াটারপোলো প্রতিযোগিতা অনুষ্ঠিত

আন্তঃবিশ্ববিদ্যালয় সাঁতার ও ওয়াটারপোলো প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ৪ মে ২০১৮ বিশ্ববিদ্যালয়ের সুইমিং পুলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

উল্লেখ্য, আন্তঃবিশ্ববিদ্যালয় সাঁতার ও ওয়াটারপোলো প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান গত ৩ মে ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুইমিং পুলে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাঁতার ও ওয়াটারপোলো কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. আফতাব উদ্দিন।

শোক সংবাদ

অধ্যাপক হাফিজ জিএ সিদ্দিকী -এর মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক হাফিজ জিএ সিদ্দিকী-এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য বলেন, হাফিজ জিএ সিদ্দিকী একাধারে একজন শিক্ষক, গবেষক, আন্তর্জাতিকভাবে খ্যাত ব্যবসা ব্যবস্থাপন বিশেষজ্ঞ হিসেবে দেশে ও বিদেশে পরিচিত ছিলেন। তিনি বিশ্ব ব্যাংক, ম্যানিলায় এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিশ্বের বিভিন্ন সংস্থায় আন্তর্জাতিক পরামর্শক হিসেবেও কাজ করেছেন। তাঁর অবদান দেশবাসীর কাছে স্মরণীয় হয়ে থাকবে। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক হাফিজ জি এ সিদ্দিকী ১৯৩০ সালে ঢাকার হাজারীবাগে জন্মগ্রহণ করেন।

অধ্যাপক হাফিজ সিদ্দিকী ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালকসহ বিভিন্ন পদে প্রায় ২১ বছর অধ্যাপনার কাজে যুক্ত ছিলেন। তিনি ১৮ এপ্রিল ১৯৮৪ থেকে ১২ ডিসেম্বর ১৯৮৫ সাল পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে অবসর গ্রহণ করেন।

উল্লেখ্য, অধ্যাপক হাফিজ জিএ সিদ্দিকী গত ২২ মে ২০১৮ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৭ বছর।

ঢাবি প্রক্টরের ভাই বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ এ. এফ. এম. নজরুল মজিদ বেলাল-এর ইন্তেকাল

শেরপুর জেলার মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক মরহুম আলহাজ্ব মো. আব্দুল মজিদের পুত্র বীর মুক্তিযোদ্ধা, ন্যাপ (মোজাফফর)-এর সাধারণ সম্পাদক, ১৪ দল কেন্দ্রীয় সমন্বয় কমিটির সদস্য এবং ঢাকা উইমেন্স কলেজের প্রাক্তন অধ্যক্ষ এ. এফ. এম. নজরুল মজিদ বেলাল গত ১৫ মে ২০১৮ রাত ৯:২০ মিনিটে ধানমন্ডিস্থ আনোয়ার খান মডার্ন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহী রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি স্ত্রী, দুই কন্যা, ভাই-বোনসহ অসংখ্য শিক্ষার্থী, আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

গত ১৬ মে ২০১৮ উত্তরার ১১নং সেক্টর জামে মসজিদে বাদ জোহর মরহুমের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। তাঁকে গার্ড অব অনার প্রদান করা হয় এবং উত্তরার ১২নং সেক্টর কবরস্থানে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়।

উল্লেখ্য, অধ্যক্ষ এ. এফ. এম. নজরুল মজিদ বেলাল ঢাকা বিশ্ববিদ্যালয় আইবিএ'র পরিচালক অধ্যাপক ড. এ কে এম সাইফুল মজিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী-এর বড় ভাই।

ভারতের ন্যাশনাল ইনস্টিটিউট অব ওশিনোগ্রাফির পরিচালক অধ্যাপক ড. সুনীল কুমার সিং গত ১৬ মে ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. এ এইচ এম মুস্তাফিজুর রহমান উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলজি বিভাগের ৬ষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বিভাগের সাংস্কৃতিক সপ্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২৬ এপ্রিল ২০১৮ বিশ্ববিদ্যালয়ের মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ক্রিমিনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি ও ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চেয়ারম্যান শেখ কবির হোসেন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম এবং জাতীয় মানবাধিকার কমিশন-এর চেয়ারম্যান কাজী রিয়াজুল হক।

'ঘ' ইউনিট ভর্তি পরীক্ষা পদ্ধতি সংক্রান্ত কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার মান উন্নয়ন, বিভিন্ন দিক

নির্দেশনা ও পরামর্শ গ্রহণের লক্ষ্যে গত ২২ মে ২০১৮ বিশ্ববিদ্যালয়ের মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

এতে স্বাগত বক্তব্য প্রদান করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম। ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিষয় উপস্থাপন করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক মফিজুর রহমান এবং আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান। প্রাথমিক ধারনাপত্র উপস্থাপন করেন বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আজম। এসময় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক উপস্থিত ছিলেন।

কর্মশালা শেষে এ উপলক্ষে গত ১ ফেব্রুয়ারি ২০১৮ কক্সবাজারে অনুষ্ঠিত কর্মশালার আলোকচিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

ঢাবি সিনেটে নতুন ২০জন সদস্য মনোনীত

*(১ম পৃষ্ঠার পর) (অধ্যাপক, ইংরেজি বিভাগ ও উপাধ্যক্ষ, ঢাকা কলেজ, ঢাকা); অধ্যাপক আসমা পারভীন (বিভাগীয় প্রধান, রসায়ন বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা); ডা. এম. এ. হান্নান (অধ্যাপক, কনজারভেটিভ ডেন্ট্রিস্ট্রি এ্যান্ড এন্ডোডনটিক্‌স সাপ্পোরো ডেন্টাল কলেজ, ঢাকা); ডা. মো. শফিকুল আলম চৌধুরী (অধ্যাপক, ইউরোলজি বিভাগ ও উপাধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা); ডা. ভাষ্কর সাহা (অধ্যাপক, মেডিসিন বিভাগ ও অধ্যক্ষ, শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল); অধ্যাপক মুক্তিরানী সাহা (সমাজ বিজ্ঞান বিভাগ ও উপাধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, ঢাকা); মিসেস আয়শা আক্তার (পুষ্টি ও খাদ্য বিদ্যা বিভাগ ও উপাধ্যক্ষ, বাংলাদেশ গার্হস্থ্য অর্থনীতি কলেজ, ঢাকা) এবং জনাব তাহমিনা রশিদ (সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, সরকারি সোহরাওয়ার্দি কলেজ, ঢাকা)।

মির্জা বানু এন্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ট ফান্ড এ্যাওয়ার্ড পেলেন ৪জন গবেষক

ইতিহাস বিষয়ে মৌলিক গবেষণায় অনন্য অবদানের জন্য ৪জন গবেষককে “মির্জা বানু এন্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ট ফান্ড এ্যাওয়ার্ড” প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৪ মে ২০১৮ সিরাজুল ইসলাম লেকচার হলে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গবেষকদের হাতে এই এ্যাওয়ার্ড তুলে দেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগ এই অনুষ্ঠানের আয়োজন করে।

ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামালের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন এবং এন্ডাউমেন্ট ফান্ডের দাতা ও ইতিহাস বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. সিরাজুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ভারতের কলকাতা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. সুশীল চৌধুরী “Bengal Textile Industry (17th -18th Century) : Alleged Poverty of the Weavers” শীর্ষক মির্জা বানু স্মারক বক্তৃতা প্রদান করেন। এছাড়া, মির্জা বানু ও সিরাজুল ইসলামের দু’মেয়ে অধ্যাপক ড. আশা ইসলাম ও বিন্দু ইসলাম অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশের শিক্ষা ও গবেষণা উন্নয়নে অধ্যাপক ড. সিরাজুল ইসলামের অনন্য অবদানের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। স্মারক বক্তৃতা প্রদানের জন্য তিনি বিশিষ্ট ইতিহাসবিদ অধ্যাপক ড. সুশীল চৌধুরীকে ধন্যবাদ জানিয়ে বলেন এর মাধ্যমে শিক্ষার্থী ও গবেষকগণ উপকৃত হবেন। তিনি এ্যাওয়ার্ডপ্রাপ্তদেরও অভিনন্দন জানান।

এ্যাওয়ার্ডপ্রাপ্তরা হলেন- প্রেসিডেন্টের সামরিক সচিব মেজর জেনারেল ড. মো. সারোয়ার হোসেন, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক-এর শিক্ষক এ এস এম মহসিন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মিসেস সুমা কর্মকার এবং বদরুন্নেছা সরকারী মহিলা কলেজের শিক্ষক মিসেস খাদিজা খাতুন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. সিরাজুল ইসলাম বাংলাপিডিয়া এডিটরস বোর্ডের চেয়ারম্যান এবং এশিয়াটিক সোসাইটি জার্নালের সম্পাদক।

পাঁচ শিক্ষার্থীর এএফ মুজিবুর রহমান স্বর্ণপদক লাভ

বিএস সম্মান ও এমএস পরীক্ষায় অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের ৫জন মেধাবী শিক্ষার্থী ‘এএফ মুজিবুর রহমান স্বর্ণপদক’ লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৫ মে ২০১৮ বিভাগীয় মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে এই স্বর্ণপদক তুলে দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশের সামগ্রিক উন্নয়নের স্বার্থে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সমাজের সার্বিক কল্যাণ সাধনের লক্ষ্যে শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হতে হবে । পরিবার, সমাজ তথা দেশের প্রতি আরও দায়িত্বশীল হওয়ার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদারের সভাপতিত্বে অনুষ্ঠানে এএফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের ট্রাস্টি এম নূরুল আলম এবং ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অধ্যাপক শাপলা শিরিন স্বাগত বক্তব্য দেন।

এএফ মুজিবুর রহমান স্বর্ণপদকপ্রাপ্তরা হলেন- মো. শরিফ হোসেন, অমিত কুমার সাহা, কার্তিক মণ্ডল, মো. মিজানুর রহমান এবং কামরুন নাহার মিলি। অনুষ্ঠানে গণিত বিভাগের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়। এছাড়া, জাতীয় গণিত অলিম্পিয়াডে বিজয়ী হওয়ায় ৫জন শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়।

‘সিনিয়র এডভোকেট ওজায়ের ফারুক মেমোরিয়াল’ বৃত্তি পেলেন নওশিন মাহবুব

ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুষদে প্রতিষ্ঠিত সিনিয়র এডভোকেট ওজায়ের ফারুক মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড বৃত্তি ২০১৬-১৭ পেয়েছেন আইন বিভাগের ২য় বর্ষ সম্মানের ছাত্রী নওশিন মাহবুব।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৪ মে ২০১৮ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে এই কৃতী শিক্ষার্থীর হাতে বৃত্তির চেক তুলে দেন।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে ট্রাস্ট ফান্ডের দাতা ব্যারিস্টার মোহাম্মদ ইমতিয়াজ ফারুক সহ অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক ড. নাইমা হক, সহকারী অধ্যাপক তাসলিমা ইয়াসমীন ও বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ট্রাস্টফান্ডের দাতাকে ধন্যবাদ জানান। উপাচার্য এই বৃত্তি অব্যাহত থাকায় শিক্ষার্থীরা লেখাপড়ায় আরও উৎসাহিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য, প্রতি বছর আইন বিভাগের প্রথম বর্ষ সম্মান পরীক্ষায় ‘ল অব কনট্রাক্ট’ বিষয়ে সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীকে এই বৃত্তি প্রদান করা হয়।

বিএ (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ৫ জন মেধাবী শিক্ষার্থী ‘অধ্যাপক ড. হাবিবা খাতুন বৃত্তি’ লাভ করেছেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২১ মে ২০১৮ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

সলিমুল্লাহ মুসলিম হল প্রাধ্যক্ষ বৃত্তি-২০১৭ পেলেন ১৯ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ মুসলিম হলের ১৯জন শিক্ষার্থী হল উপবৃত্তি ও হল প্রাধ্যক্ষ বৃত্তি লাভ করেছেন। এ উপলক্ষে গত ১৪ মে ২০১৮ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। এসময় উপস্থিত ছিলেন এস এম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মাহবুবুল আলম জোয়ার্দার, এসএম হল উপবৃত্তি ও হল প্রাধ্যক্ষ বৃত্তি কমিটির আহবায়ক অধ্যাপক ড. আবু বিন হাসান সুসান এবং হলের আবাসিক শিক্ষকবৃন্দ।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, নিজ মেধার স্বাক্ষর যেমন রাখতে হবে তেমনি বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রেখে শিক্ষার্থীদের অবশ্যই লেখাপড়ায় মনোযোগী হতে হবে। উপাচার্য হল কর্তৃপক্ষকে নিয়মিতভাবে এই বৃত্তি প্রদান করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

সলিমুল্লাহ মুসলিম হল প্রাধ্যক্ষ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- আব্দুল কাদের, মুস্তাইন বিল্লাহ রুমান, রেজাউল ইসলাম, আল আমিন মিয়া ও ইকরামুল হাসান (ইসলামিক স্টাডিজ বিভাগ), খোরশেদ আলম, মো: আমিরুল ইসলাম ও মজিবুর রহমান (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ), মোহা: আতিকুল ইসলাম (তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ), মো: নাঈমুর রহমান, মো: রাব্বি খান ও জাহাঙ্গীর আলম (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট), এস এন ডি রিয়াজুল ইসলাম, মোহা: শরিফুল ইসলাম ও আব্দুল্লাহ আল মামুন (সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট), মিজানুর রহমান ও বিপুল হোসেন (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), মো: আনোয়ার হোসেন (দর্শন বিভাগ) এবং নাজমুস সাদাত নয়ন (আরবি বিভাগ)।

অধ্যাপক হাবিবা খাতুন বৃত্তি পেলেন ৫ শিক্ষার্থী

বিএ (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ৫ জন মেধাবী শিক্ষার্থী ‘অধ্যাপক ড. হাবিবা খাতুন বৃত্তি’ লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- মো. আজিম উদ্দিন, মো. রেদওয়ানুল করিম, মো. আবদুল্লাহ আল মতিন, মোছা. তাওহিদ-ই-জাহান ও সৈয়দ মো. মুনতাসির মুহাইমেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২১ মে ২০১৮ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

এসময় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. মো: মোশাররফ হোসাইন ভূঁইয়া, ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হাফিজা খাতুন, ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. হাবিবা খাতুন, অধ্যাপক মো. মাহফুজুল ইসলাম, অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান সহ বিভাগীয় শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সুনাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, সমৃদ্ধ বাংলাদেশ গড়তে মেধাবী ছাত্র-ছাত্রীদের কার্যকর ভূমিকা পালন করতে হবে। তিনি বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানান।

উল্লেখ্য, অধ্যাপক ড. হাবিবা খাতুন ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অবসরপ্রাপ্ত শিক্ষক।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম ও মোঃ নজরুল ইসলাম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫